২০২৩

# বাংলা — সাম্মানিক

তৃতীয় সেমেস্টার

পত্র : **CC-6**

(ঐতিহাসিক ভাষাবিজ্ঞান)

পূর্ণমান - ৬৫

MURALIDHAR GIRLS' COLLEGE
LIBRARY

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) প্রাচীন ভারতীয় আর্যভাষার সময়কাল উল্লেখ করে ঐ পর্বের ভাষার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) মধ্য ভারতীয় আর্যভাষার 'প্রাকৃত' নামকরণের কারণ উল্লেখ করে এই পর্বের ভাষার রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ লিপিবদ্ধ করো। ৩+৭

২। (ক) আদি-মধ্য-বাংলা ভাষার সময়কাল ও রচনা নিদর্শনগুলির উল্লেখ করো। এই ভাষার রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি লেখো। ১+২+৭

*অথবা,*

(খ) 'চর্যাপদ' অবলম্বনে প্রাচীন বাংলা ভাষার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি লেখো। ১০

৩। (ক) অন্ত্য-মধ্যযুগের বাংলা ভাষার ধ্বনিগত বৈশিষ্ট্যগুলি লিপিবদ্ধ করো। ১০

*অথবা,*

(খ) আধুনিক বাংলা ভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি কীভাবে 'পরিব্রাজক' গ্রন্থে প্রযুক্ত হয়েছে তা উপযুক্ত দৃষ্টান্তসহ লেখো। ১০

৪। (ক) 'ক্লাসিক্যাল সংস্কৃত' ভাষা বলতে কী বোঝায়? ৫

*অথবা,*

(খ) পৃথিবীর ভাষাপরিবারগুলির মধ্যে যে-কোনো একটি গুরুত্বপূর্ণ পরিবার সম্পর্কে সংক্ষেপে লেখো। ৫

৫। (ক) প্রাচীন বাংলা ভাষায় সমব্যঞ্জনে গঠিত যুগ্মব্যঞ্জনের ব্যবহার সম্পর্কে সদৃষ্টান্ত লেখো। ৫

*অথবা,*

(খ) আদি-মধ্য বাংলা ভাষায় ক্রিয়া বিভক্তির ব্যবহার সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫

৬। (ক) অন্ত্য-মধ্যযুগের বাংলা ভাষায় অপিনিহিতির ব্যবহার সম্পর্কে লেখো। ৫

*অথবা,*

(খ) আধুনিক বাংলা ভাষার বাক্যগঠন রীতির বৈশিষ্ট্য সম্পর্কে উদাহরণসহ লেখো। ৫

৭। *যে-কোনো একটি* বিষয়ে টীকা লেখো। ৫×১

(ক) প্রাচীন ভারতীয় আর্যভাষায় স্বরাঘাতের ব্যবহার

(খ) প্রাচীন বাংলা ভাষায় অসমাপিকা ক্রিয়ার রূপ

(গ) অন্ত্য-মধ্য বাংলা ভাষায় ব্যবহৃত শব্দভাণ্ডারের বিচিত্রতা।

MURALIDHAR GIRLS' COLLEGE
LIBRARY

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) বাল্তো-স্লাবিক শাখার ক'টি উপশাখা?

(খ) 'অপভ্রংশ' মধ্যভারতীয় আর্যভাষার কোন স্তরে গড়ে উঠেছিল?

(গ) প্রাচীন ভারতীয় আর্যভাষার কথ্য উপভাষাগুলির নাম লেখো।

(ঘ) মধ্যভারতীয় আর্যভাষার কালসীমাটি উল্লেখ করো।

(ঙ) 'ভাষার ইতিবৃত্ত' গ্রন্থটি কার রচনা?

(চ) অর্ধ-মাগধী প্রাকৃত কোন ভৌগোলিক ক্ষেত্রে প্রচলিত ছিল?

(ছ) 'রুখের তেন্তলি কুম্ভীরে খাঅ।'— রেখাঙ্কিত শব্দটির কারক বিভক্তি নির্ণয় করো।

(জ) প্রাচীন বাংলার করণকারকের বহু প্রচলিত বিভক্তি কী ছিল? উদাহরণ দাও।

(ঝ) আদি-মধ্য বাংলা ভাষায় সংযুক্ত ব্যঞ্জনের 'সমীভবন'-এর একটি উদাহরণ দাও।

(ঞ) অন্ত্য-মধ্য বাংলা ভাষায় কোন ছন্দের ব্যাপক ব্যবহার দেখা যায়?

(ট) আধুনিক বাংলা ভাষায় ব্যবহৃত দুটি সংযোজক অব্যয়ের উল্লেখ করো।

(ঠ) প্রাচীন বাংলা ভাষায় 'শ' স্থানে 'স'-এর ব্যবহারের একটি উদাহরণ দাও।

(ড) আধুনিক বাংলা ভাষার সূচনাকাল বলে কোন সময়টিকে চিহ্নিত করা হয়?

(ঢ) আধুনিক বাংলায় ব্যবহৃত দুটি ফরাসি শব্দের উদাহরণ দাও।

(ণ) আধুনিক বাংলায় ব্যবহৃত অভিশ্রুতির একটি উদাহরণ দাও।

MGC Library